REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে।

বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।

সস্তর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—

শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট

কলিকাতা।

২৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৫ই চৈত্র বুধবার ১৩৪৫ ইংরাজী 29th March 1939 | ৪২শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷০, ছোট ১৷৶০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

নূতন বীমা

(১৯৩৭-৩৮)

৩ কোটি টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | |
|---|---|---|---|
| চলতি বীমা | ... | ১৪ কোটি ৬০ লক্ষের উপর | |
| বীমা তহবিল | ... | ২ " ৬৭ লক্ষের | " |
| মোট সংস্থান | ... | ২ " ৯৭ " | " |
| প্রিমিয়াম আয় | ... | ... ... ৬৯ " | " |
| দাবী শোধ | ... | ১ কোটি ৬০ " | " |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

সাব অফিস :—কৃষ্ণনগর, নদীয়া।

ব্রজশশী

## আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।

(স্থাপিত—সন ১৩০২ সাল)

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—

**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৫ই চৈত্র বুধবার সন ১৩৪৫ সাল

## বদলী

জঙ্গিপুরের জনপ্রিয় সেকেণ্ড অফিসার শ্রীযুক্ত শিশির-কুমার হর এম-এ মহোদয় বর্দ্ধমানে বদলী হইয়াছেন। তিনি অল্পদিনের মধ্যেই স্থানীয় অনেক জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট হইয়াছিলেন। তাঁহার ন্যায় সদালাপী ও মিষ্টভাষী লোক খুব কম দেখা যায়। গত বন্যার সময় তিনি দুঃস্থ ব্যক্তিগণের সাহায্যের জন্য যথেষ্ট পরিশ্রম করিয়াছেন। তাঁহাকে উচ্চতর পদে উন্নীত হইতে দেখিলে আমরা সুখী হইব।

---

## অগ্নিকাণ্ড

কয়েক দিন পূর্ব্বে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত জরুর গ্রামে বৈদ্যপাড়ায় আগুন লাগিয়া ৭।৮টী গৃহস্থের ঘর ও জিনিষপত্র পুড়িয়া গিয়াছে। শ্রীযুক্ত শরচ্চন্দ্র গুপ্ত ও গোপীনাথ সেন মহাশয়ের বাটীর কোন জিনিষই উদ্ধার করা সম্ভব হয় নাই। এক কথায় উক্ত ভদ্রলোকগণ সর্ব্বস্বান্ত হইয়াছেন।

---

## বাসন্তী পূজা

রঘুনাথগঞ্জ সহরের সন্নিকট গোপালনগর গ্রামে (খড়খড়ির ধার) বিভিন্নপাড়ায় দুই খানি বাসন্তী প্রতিমার পূজা নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

---

## কলেরা

সুতী থানার অন্তর্গত বহুতালী গ্রামে কলেরা রোগে কয়েক ব্যক্তি মারা গিয়াছে। জেলা-বোর্ড হইতে উক্ত রোগ নিবারণের জন্য ইনজেকশন দেওয়া হইতেছে।

---

## বাঙ্গালী রক্ষা সমিতি

### ধ্বংসের মুখ হইতে বাঙ্গালী জাতিকে রক্ষা করিবার প্রচেষ্টা

"বাঙ্গালী রক্ষা সমিতির" কর্ম্মক্ষেত্র আপাততঃ বঙ্গদেশ, বিহার, উড়িষ্যা, ছোটনাগপুর ও সাঁওতাল পরগণার মধ্যেই আবদ্ধ থাকিবে। ক্রমশঃ উহা ভারতের অপরাপর প্রদেশে ও ব্রহ্মদেশে—যেখানে বঙ্গভাষাভাষী বাস করেন—সেইখানেই বিস্তৃতি লাভ করিবে। বাঙ্গালী কে? যাঁহার মাতৃভাষা বাঙ্গালা, অথবা যিনি দীর্ঘকাল বঙ্গদেশে বাস করিয়া বঙ্গমাতার ক্রোড়ে লালিত পালিত হইয়া বঙ্গভাষাকেই মাতৃভাষা বলিয়া গ্রহণ করিয়াছেন, তিনিই এই সমিতির সভ্য শ্রেণীভুক্ত হইতে পারিবেন। তিনি হিন্দু হউন, মুসলমান হউন, খ্রীষ্টান হউন, শিখ হউন বা যে-কোন ধর্ম্মাবলম্বী হউন, সদস্য হইতে পারিবেন। ১৮ বৎসর বা তাহার অধিক বয়স্ক যে কোন নরনারী বঙ্গভাষাভাষী হইলেই ইহাতে যোগদান করিতে পারিবেন। দেশের আর্থিক উন্নতিকল্পে এই সমিতি ব্রিটিশ বণিক সম্প্রদায় ও সরকার বাহাদুরের সহিত সম্পূর্ণ অকপট সহযোগিতা করিতে প্রস্তুত; সুতরাং প্রত্যেক সরকারী কর্ম্মচারী এই সমিতির সদস্য হইতে পারিবেন। উদ্দেশ্য—অবাঙ্গালীর চাপে ও অপরাপর নানাবিধ কারণে বাঙ্গালী জাতি (বিশেষতঃ বাঙ্গালী হিন্দু জাতি) ক্রমেই ধ্বংসের পথে অগ্রসর হইতেছে।

বাঙ্গলার রাজধানী কলিকাতা বাঙ্গলার কেন্দ্রস্থলে স্থাপিত হইয়াও, আর বাঙ্গালী সহর নাই। কলিকাতা সহরে প্রায় ১২ লক্ষ (১১৯৬৭৩৪) লোকের বাস এবং হাবড়া ও ২৪ পরগণার টালিগঞ্জ, বেহালা মিউনিসিপ্যালিটীর অন্তর্গত ২২৪৪১৩। এখন দেখুন কলিকাতায় বাঙ্গলাভাষাভাষীর সংখ্যা কেবলমাত্র শতকরা ৫৪·৩ জন, এবং হাবড়ায় ৫৩·৯ জন, অবশ্য একটী আশার কথা এই যে, ১৯২১ সালে বাঙ্গলা ভাষাভাষীর সংখ্যা অর্দ্ধাংশেরও কম ছিল। হিন্দুস্থানী ভাষাভাষীর সংখ্যা ১৯৩১ সালে শতকরা ৩৬·৬ অর্থাৎ ৪৩৬১২৩ জন ছিল। মনে রাখিবেন যে প্রাপ্ত বয়স্ক অবাঙ্গালী পুরুষের সংখ্যা আনুপাতিক হিসাবে চিন্তা করিলে মনে ভীতির সঞ্চার হয়। ব্যবসায় বাণিজ্যে বাঙ্গালী হিন্দু মুসলমান সকলেরই অবস্থা অতীব শোচনীয়। অবাঙ্গালীর হুকুম তামিল করিবার জন্যই যেন তাহাদের অস্তিত্ব। কলিকাতার জায়গা জমি বাড়ী ঘর ব্যবসায় বাণিজ্য ক্রমেই বাঙ্গালীর হাত হইতে কাড়িয়া লইয়া অবাঙ্গালী রাজত্ব করিতেছে। রত্নপ্রসবিনী বাঙ্গলা শুধু ভারতে নহে, জগতে অদ্বিতীয়, কিন্তু বঙ্গজননীর সন্তানগণ অন্নহীন, বস্ত্রহীন, ঋণগ্রস্ত, সুদূরাগত কিস্তিওয়ালা কাবুলিওয়ালা, মহাজনের লাঠির ভয়ে, অপমানের ভয়ে সর্ব্বদা শঙ্কিত ত্রাসযুক্ত। বাঙ্গলার পাট, বাঙ্গলার চা, বাঙ্গলার কয়লার মালিক ক্রমেই অবাঙ্গালী হইতেছে। গত দশ বৎসরে ১৯২১ হইতে ১৯৩১ সন পর্য্যন্ত কেবলমাত্র কলিকাতা সহরেই পূর্ব্ব দশ বৎসর অপেক্ষা ৬৬ হাজার অধিক অবাঙ্গালী আসিয়াছে। বিহার, উড়িষ্যা ও আসামে বাঙ্গলা ভাষাভাষীর অবস্থা যে কি ভীষণ, তাহা অনেকেই জানেন। সেখানে আমরা জমি কিনিতে বাড়ী করিতে এমন কি বাস করিতে পারিব না। ভারতীয় সৈন্যবিভাগে কোন বাঙ্গালী নাই। কলিকাতার কনেষ্টবল, অর্থাৎ মোট ২৩২৫৮ মধ্যে ৬৯৩৬টী বাঙ্গালী। কলিকাতায় অফিস আদালতে ধনী লোকের বাড়ীতে সর্ব্বত্র অনুমান দশ হাজার দ্বারোয়ান আছে, ইহাদের মধ্যে বাঙ্গালী নাই, মোটর-বাস, লরী, রিকসা ইত্যাদিতেও সেই অবস্থা। পাটের কল (Jute Mills) গুলিতে প্রায় ৩।০ লক্ষ কুলি কাজ করে, তাহাদের মধ্যে শতকরা ৮ জনের কম বাঙ্গালী। পাট সমিতি (Jute Association) দেখাইয়াছেন, ডাকযোগে মনিঅর্ডার দ্বারা মিলের শ্রমজীবীরা ১৯৩৬ সালে ১৫৫৩৯৬১০ টাকা বাঙ্গালার বাহিরে পাঠাইয়াছে। গত Census Report এ Mr. Lacy (census report Bihar and Orissa) দেখাইয়াছেন যে, কেবলমাত্র বাঙ্গলা দেশ হইতে প্রতি বৎসর উক্ত প্রদেশে ৮ কোটী টাকা মনিঅর্ডার যোগে প্রেরিত হয়। গত ১৯৩৭ সালে একমাত্র বিহারের সারণ জেলায় বাঙ্গলা হইতে ১ কোটী টাকা মণিঅর্ডার করা হইয়াছে। কিন্তু বিহার উড়িষ্যায় যে সমস্ত বাঙ্গালী ওকালতী, ডাক্তারী, চাকুরী অথবা অন্যান্য উপায়ে যে টাকা রোজগার করেন সেই সমস্ত টাকা প্রায় সমস্তই সেই প্রদেশে ব্যয় করেন। বিহারে বাঙ্গালীর পক্ষে domicile certificate প্রাপ্ত হওয়া আর সাঁতার কাটিয়া পদ্মা নদী পার হওয়া প্রায় একই রকম। এ বিষয়ে বিহারের নেতাগণ যে জঘন্য মনোবৃত্তির পরিচয় দিয়াছেন, তাহা অবক্তব্য। আসামে ব্রহ্মপুত্র বা আসাম উপত্যকায় আসামিয়া ভাষাভাষীগণ তথাকার অধিবাসীদিগের উপর যে ভীষণ নির্লজ্জ ব্যবহার করেন, তাহা অবর্ণনীয়। তেজপুরে প্রকাশ্য রাজপথে বাঙ্গালী-খেদা চিহ্নিত পতাকা হস্তে শোভাযাত্রা করিয়া থাকেন। গৌহাটীতে সভা আহ্বান করিয়া বাঙ্গালী খবরের কাগজ ও মাসিক পত্রিকা বর্জ্জন ও দাহ করেন। বিহারে বাঙ্গালী স্বার্থ রক্ষার জন্য শ্রদ্ধেয় শ্রীযুক্ত পি, আর, দাস মহাশয়ের নিঃস্বার্থ অক্লান্ত পরিশ্রমের জন্য বাঙ্গালী মাত্রেই কৃতজ্ঞ। জগতের পাট যোগায় সুজলা সুফলা বাংলা কিন্তু ইহার ফলভোগ করে অবাঙ্গালী। Hammond Deli mitation Committee তে জেরার উত্তরে Sir Badridas Goenka বলিয়াছেন "As regards jute we do 90 p. c. of the jute business of the province, if you leave out the Europeans" অর্থাৎ ইউরোপীয়ানদের বাদ দিলে পাটের ব্যবসায়ের দশভাগের নয় ভাগ আমাদের হাতে।

কি করিলে এই বাঙ্গালী জাতিকে বিশেষতঃ এই ধ্বংসোন্মুখ বাঙ্গালী হিন্দু জাতিকে ধ্বংসের পথ হইতে রক্ষা করা যায়, অর্থাৎ কি করিলে এই বাঙ্গালী জাতির আর্থিক অবস্থার উন্নতি সাধন করা যায় এবং তাহারা মান-সম্ভ্রম বজায় রাখিয়া জগতে বাস করিতে পারেন তাহার উপায় উদ্ভাবন এবং সেই উপায় কার্য্যে পরিণত করাই এই সমিতির উদ্দেশ্য। অবাঙ্গালী কটন মিলের (কাপড়ের কলের) নানাবিধ অবাঙ্গালী কারখানার স্বত্বাধিকারিগণ বাঙ্গালীর মাথায় কাঁঠাল ভাঙ্গিয়া উদরপূর্ত্তি করিতেছে। বাঙ্গালীর স্বদেশ প্রেমের সুবিধা গ্রহণ করিয়া এই সোনার বাংলা শোষণ করিতেছে। আহার বিহার, পোষাক পরিচ্ছদ নিত্য ব্যবহার্য্য যাহা কিছু আবশ্যক সমস্তের জন্যই আমরা অবাঙ্গালীর দ্বারস্থ, করতলস্থ, পদতলস্থ। ইহা সত্য, অতীব সত্য, বিন্দুমাত্র অতিরঞ্জিত নহে। চিন্তাশীল চক্ষুষ্মান ব্যক্তিমাত্রেই ইচ্ছা করিলেই স্পষ্ট দেখিতে পারিবেন। আজ বোম্বাই, আমেদাবাদ কাপড় না দিলে আমাদের উলঙ্গ থাকিতে হয়। বাঙ্গালীর লজ্জা নিবারণের জন্য প্রায় ১৭ কোটী টাকা মূল্যের কাপড় আবশ্যক। অভিজ্ঞেরা হিসাব করিয়াছেন যে, সম্প্রতি প্রত্যেক বাঙ্গালীর গড়পড়তা ২৩গজ কাপড় আবশ্যক। প্রতিগজ ।০ আনা হিসাবে মূল্য ধরিয়া দেখা যায় যে, বাঙ্গলা দেশের মিল মাত্র ১।০ কোটী টাকার কাপড় যোগায়—তাহার মধ্যে অনেকগুলিই অবাঙ্গালী। ঢাকেশ্বরী মিলের শ্রমজীবিদের মধ্যে অর্দ্ধাংশের অধিক বাঙ্গালী মুসলমান। এখানে সাম্প্রদায়িকতার স্থান নাই। বাঙ্গলা ভাষাভাষী হিন্দু-মুসলমান সবই এক।

গত ১৯৩১ সালে বাংলা দেশে ১১টী কাপড়ের কল (Cotton Mills) ছিল, তখন বোম্বাই প্রদেশে ছিল ২০৬টী মিল আর ১৯৩৬ সালে বাংলাদেশে ১১টী স্থলে ২২টী হইয়াছে, কিন্তু সুখের বিষয় আরও ২৪টী মিল Joint Stock Company অফিসে রেজেষ্টারী হইয়াছে এবং তাহাদের নির্ম্মাণ কার্য্য চলিতেছে। আশা করি বাঙ্গালী হিন্দু মুসলমান সকলেই সামর্থ্যানুসারে ইহাদের পৃষ্ঠপোষকতা করিবেন। বাঙ্গলার মিলগুলির উন্নতি হইলে অনেকগুলি কয়লার খনি আবার অবাঙ্গালীর হাত হইতে ফিরিয়া আসিবে।

(ক্রমশঃ)

সম্পাদক—শ্রীঅতুলকৃষ্ণ ঘোষ
৭৩ই, মনোহরপুকুর রোড, বালিগঞ্জ,
কলিকাতা।

---

## "পল্লীসেবা"

প্রিয় বাঙ্গলার যুবক ভ্রাতৃগণ!

আমাদের সোনার বাঙ্গলার সেই কবি বর্ণিত পল্লী সমাজ এখন আর নাই। নানা অভাব অভিযোগে জর্জ্জরিত হয়ে পল্লী সমাজ এখন দ্রুত ধ্বংসের পথে চলেছে, ইহা সকলেই প্রত্যক্ষ করছেন; অথচ পল্লীর উন্নতিতে সমগ্র দেশের উন্নতি, আবার অবনতিতে সমগ্র দেশেরই অবনতি। কেননা পল্লী সমষ্টি হইতেই এই মহাদেশ। আমরা মুখে বলি "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী" কিন্তু কাজে কিছুই করি না। বাসভূমি পল্লীগুলি একদিকে ম্যালেরিয়া অন্যদিকে পরস্পর অনৈক্য, এই দুই ব্যাধিতে আক্রান্ত হয়ে বাসের অযোগ্য হয়ে উঠেছে; তার উপর পল্লীর রাস্তাঘাট, জঙ্গল ও জলাশয়ের সংস্কার নাই, বিশুদ্ধ পানীয় জলেরও ব্যবস্থা নাই, এইরূপ নানা অভাব অভিযোগে আমাদের জন্মভূমি পল্লীগুলির অবস্থা অতি শোচনীয় হয়ে পড়েছে। নিজ নিজ বংশের তথা সমগ্র দেশের ভবিষ্যৎ আশা ভরসাস্থল যুবকগণের ভগ্নস্বাস্থ্য, জীবিকা বিভ্রাট, বিকৃত শিক্ষা, এসব বিষয়েও কোন চিন্তা, আন্দোলন নাই, সকলেই যেন স্রোতে গা ঢেলে দিয়ে চলেছেন, এর কি কোন প্রতিকার নাই?

সকল দেশের সকল কাজেই যুবকরাই অগ্রগণ্য। পল্লী সেবাই শিক্ষিত যুবকগণের জীবনের প্রধান ব্রত হওয়া উচিত। পল্লীসেবা আর জন্মভূমির সেবা একই কথা। চাই একতা—চাই কাজ। কর্ম্ম করিতে হইলে যেমন কর্ম্মীর প্রয়োজন, সেইরূপ অর্থেরও প্রয়োজন। এদিকে অভাবী পল্লীসমাজে নগদ অর্থ কোথায়? কিন্তু এক সহজ উপায় পল্লীর ঘরে ঘরে "মুষ্টিভিক্ষা" রাখার ব্যবস্থা করা। ইহার আয়ও নেহাৎ কম নয়। এ ছাড়া পল্লী-গ্রামে আরও অনেক রকমের স্থানীয় আয় আছে, সেগুলি নিয়মিতভাবে আদায় ও রক্ষিত হলে তার দ্বারায় পল্লীর অনেক কাজ হতে পারে, যেমন গরীব দুঃখীদের সাহায্য, ঔষধ বিতরণ, রাস্তাঘাট ও জলাশয় সংস্কার, জঙ্গল পরিষ্কার, পানীয় জলের ব্যবস্থা, তা ছাড়া ছেলেদের শরীর-চর্চ্চা, দেশোপযোগী শিক্ষার ও পাঠাগার স্থাপনের ব্যবস্থা ইত্যাদি অনেক কাজ আছে। ছুটীর দিন দেশের যুবকগণ অনেক সময় বাজে খেলা ধুলায় অতিবাহিত করেন। তাঁরা যদি সকলে মিলে নিজ নিজ পল্লীতে মিটিং ক'রে যোগ্য ব্যক্তিদের মধ্য হ'তে সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ, হিসাব রক্ষক, সভ্য ও স্বেচ্ছাসেবক এবং গ্রামরক্ষীদল নিযুক্ত করতঃ পল্লীর কাজে মনোযোগ করেন তবে অল্প দিনের মধ্যেই এই সমস্ত মৃতপ্রায় পল্লী সমাজকে আবার সকল বিষয়েই আদর্শ পল্লীতে পরিণত করিতে পারেন। আশা করি দেশের শিক্ষিত যুবক ভ্রাতৃগণ অবিলম্বে নিজ নিজ পল্লীতে এক একটী 'পল্লী সেবাসমিতি' স্থাপন ও 'মুষ্টিভিক্ষা' প্রচলন করে পল্লীসেবায় লেগে যাবেন এবং অন্যত্রেও প্রচার করবেন।

জনৈক পল্লী সেবক—
নিখিল বঙ্গ "পল্লীসেবা" প্রচার সমিতি
৫।১ রামকুমার রক্ষিত লেন
কলিকাতা।

---

## নীলামের ইস্তাহার

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত
### নীলামের দিন ১২ই এপ্রিল ১৯৩৯।

৯২৩ থাং ডিঃ জগবন্ধু সিংহ দীং দেং মোহমদি সেখ দাবি ২৮৷৶০ থানা স্থতী মৌজে দফাহাট ৮৪। কাঠার কাত ২৮/১৪ আঃ ৫৲ থং ১৪৬

৮৭০ থাং ডিঃ যোগেন্দ্রচন্দ্র খাঁ দেং অনুকুলমোহিনী দেবী দীং দাবি ১১৩৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেতা-জামুয়ার ২৫৷৪। বিঘার কাত ২৭৷৬ আঃ ২৫৲ থং ৯৬৫

৪২ থাং ডিঃ নাবালক সুদর্শন চট্টোপাধ্যায় পক্ষে অলি মাতা আন্নাকালী দেবী দেং প্রিয়গোপাল ধর দীং দাবি ১৬৷/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গনকর ২৫ শতকের কাত ২/০ আঃ ১৫৲ থং ৫০২

১১৬২ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং মোতালিম সেখ দাবি ৩২৮/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ঘোরশালা ৬৩ শতকের কাত ৩৷/১০ আঃ ২০৲ থং ৬৩

---

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।
### নীলামের দিন ১৩ই এপ্রিল ১৯৩৯

৪৩ থাং ডিঃ আইমান নেসা বিবি দেং হৃষিকেশ মণ্ডল দাবি ৯/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেলালপুর ১৬ শতকের কাত ৮/২৷ আঃ ৩৲ থং ৮৫

৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷৶০ মৌজাদি ঐ ৪০ শতকের কাত ১৮১৫ আঃ ৫৲ থং ১৩০

১০৫ থাং ডিঃ ঐ দেং গুরুপদ চট্টোপাধ্যায় দিং দাবি ৩৩৶৯ মৌজাদি ঐ ৭-৬০ শতকের সেস ৩/০ আঃ ৩৫৲ থং ১৬০

১১৬৫ থাং ডিঃ সুরেন্দ্রনারায়ণ সিংহ মৃতাস্তে গৌরীশঙ্কর সিংহ নাবালক দীং দেং ভগবতী মিশির দীং দাবি ৪৩৷৶৬ থানা স্থতী মৌজে জলন্ধাপাড়া ২-৫১ শতকের কাত ৮৶১০ আঃ ৫৲ থং ৮৪

১২৫ থাং ডিঃ সেবাইত শিবকিঙ্কর শর্ম্মা মোহান্ত দেং টিয়া বিবি দাবি ২১৷৬ থানা স্থতী মৌজে বাহাগোলপুর ৮৩ শতকের কাত ২৮/০ আঃ ১৫৲ থং ৮২৭

১২৬ থাং ডিঃ ঐ দেং জুহিদান বিবি দাবি ১১৶৩ থানা ঐ মৌজে পুড়াপাড়া ১৪ শতকের কাত ৷৶১৮৮ আঃ ৩৲ থং ১২৯৯

১২৭ থাং ডিঃ ঐ দেং জামু সেখ দাবি ১১৶৬ মৌজাদি ঐ ২০ শতকের কাত ১৮৷ আঃ ৫৲ থং ১২৯৯

২০০ থাং ডিঃ ঐ দেং আলতাপ সেখ দাবি ১৪৶৬ ঐ মৌজাদিতে ২৭ শতকের কাত ১৷/১৭৷ আঃ ৭৲ থং ১২৯৯

১৯৮ থাং ডিঃ ঐ দেং রাধাকান্ত দাস দীং দাবি ৮/৬ থানা ঐ মৌজে মহেশাইল ২৬ শতকের কাত ৷৭৷ আঃ ৪৲ থং ১৪৮৫

২০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৷/৬ মৌজাদি ঐ ১-২০ শতকের কাত ২/০ আঃ ১০৲ থং ১৪৩৬

১৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৮৶০ থানা ঐ মৌজে গাজীপুর ৭৮ শতকের কাত ১/৫ আঃ ৮৲ থং ২৬৯

১০২ থাং ডিঃ নগেন্দ্রনারায়ণ রায় দীং দেং শ্যামাপদ রায় দীং দাবি ১৫৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহাজাদপুর ৷৪৷০ কাঠার কাত ২৲ আঃ ৫৲ থং ২৯৫

১০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৶৬ মৌজাদি ঐ ২/১৮০ বিঘার কাত ২৷/০ আঃ ৫৲ থং ২৯৬

১৪৯ থাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দীং দেং গাম্ভীর খাঁ দিং দাবি ১৩৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ৫৪ শতকের কাত ১৷৶৬৷০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

২৫০ থাং ডিঃ ঐ দেং দোস্তমহম্মদ সেখ দীং দাবি ১২৪৶৫ থানা ঐ মৌজে সাদপুর ১৬৷৩ বিঘার কাত ১৯৮৶ আঃ ১০০৲ ঐ স্বত্ব

১৫২ থাং ডিঃ ঐ দেং বালিকা বিবি দীং দাবি ১৬৷৶৩ থানা ঐ মৌজে হিরকাটী ও বিনোদীবি ৪৯ শতকের কাত ২/০ আঃ ৫৲ ঐ স্বত্ব

১১৮২ থাং ডিঃ প্রিয়সখী দাসী দেং গৌরাঙ্গচন্দ্র সরকার দীং দাবি ১১/৬ থানা স্থতী মৌজে অমরপুর ৪-৬৫ শতকের মধ্যে ৬২ শতকের কাত পরতামত ১৮৶১৮৷— আঃ ৫৲ থং ১৭৫ রায়ত স্থিতিবান

১১৮৩ থাং ডিঃ রজনীমনী দাসী দেং গৌরাঙ্গচন্দ্র সরকার দীং দাবি ১১/৬ থানা স্থতী মৌজে পারুলিয়া ৮৯ শতকের মধ্যে ১১৮০ শতকের কাত পরতামত ৶২৷— আঃ ৫৲ থং ২৮৪ মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর

---

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।
### নীলামের দিন ১৪ই এপ্রিল ১৯৩৯

৩৫৩ মনি ডিঃ ফুলচাঁদ সেরাওগি দেং গুমানি পীর-কোদালি দীং দাবি ৩৭৷/৯ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপ-নগর ৩/২৷/০ কাত ৩৷৫ আঃ ২৫৲ থং ২৫০৬

৮৭ মনি ডিঃ শ্রীনন্দন দাস দেং সীতানাথ সরকার দাবি ৮৩১৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে লবনচোয়া /৪ কাত ৭১৶১৫৷ জমার অন্তর্গত ৶০ আঃ ১০৲ থং ১০৭ ২নং লাট ঐ মৌজাদিতে /৩ কাঠার কাত ১২৷৮ গণ্ডা জমার অন্তর্গত আঃ ৩৲ থং ৯৯ ৩নং লাট থানা ঐ মৌজে বাহাদুরপুর ।০ আনা অংশে ৪৲ টুটাদোহা গঙ্গানাথ ইতিমধ্যে বিবাদীর ৫৪ আঃ ৪০৲ ৫নং লাট ঐ মৌজাদিতে ৭ শতক কাত দেওয়া নাই আঃ ১২৲ ৬নং লাট থানা ঐ মৌজে ভৈরবটোলা ৫৯ শতকের কাত ৫৮০ তন্মধ্যে ৫১ শতক আঃ ১২৲ ৭নং লাট ঐ মৌজাদিতে ১/০ বিঘার কাত ২৮৶৯৷ আঃ ৯৲

১৫ মনি ডিঃ একরাম মিশির দেং মথুর মণ্ডল দীং দাবি ২৪১৮৩ থানা সমসেরগঞ্জ মৌজে লালপুর ২৮৪৫১৮ বিঘার কাত ৪৶৯ আঃ ২৫৲ থং ৩৭৩ ২নং লাট ঐ মৌজাদিতে ২৮১ বিঘার কাত ৪৷/৩ জমার অন্তর্গত ২/১ আঃ ২৫৲ স্থিতিবান স্বত্ব

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।
### নীলামের দিন ২০শে এপ্রিল ১৯৩৯।

৩৫০ মনি ডিঃ হরেকৃষ্ণ ধর দেং ধীরেন্দ্রনাথ চৌধুরী দাবি ১৩৭৷৶৩ থানা স্থতী মৌজে জগতাই ১১৫২নং বীরভূম কালেক্টরীর তৌজির অধীন জে, এল ৬০নং।৬৷— পত্তনী স্বত্ব থং ৩ ১০৭৷৶৯ জমার পত্তনীদার অমৃতলাল চৌধুরী দীং আঃ ১০০৲ মধ্যস্বত্ব চিরস্থায়ী

---

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
### নীলামের দিন ১৭ই এপ্রিল ১৯৩৯।

১০৪৬ থাং ডিঃ লক্ষ্মীনারায়ণ সিংহ দেং রজনীমনি দাসী দীং দাবি ৮৪৷৶০ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া, চাচণ্ড, বাসুদেবপুর ১৫-১৭ শতকের মধ্যে ১১-৯২৮ শতকের কাত পরতামত ১৪৶০ আঃ ৫০৲

২৯০ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং আমানুল্লা মির্জ্জা দীং দাবি ১০৬৮৶৩ থানা সাগরদীঘি মৌজে হরহরি ১৮-৪৯ শতকের কাত ৩৬৲ আঃ ৫০৲ থং ৩৫ক

৮৭ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দীং দেং পাঁচকড়ি মাল দীং দাবি ১৩৮০ থানা সাগরদীঘি মৌজে খৈরাটী ১৯ শতকের কাত ৮৶১১ আঃ ২৲ থং ২৭২

১৫৯ থাং ডিঃ ঐ দেং শশধর সাহা দীং দাবি ২০৮৶৯ ঐ মৌজাদিতে ৮০ শতকের কাত ষোল আনায় ১৷৶০ আঃ ৫৲ থং ৩৪৩ (ক)

১৬৪ থাং ডিঃ ঐ দেং জলদবরণী দেবী দীং দাবি ৪১৷/০ থানা ঐ মৌজে কোতলা ১-১৪ শতকের কাত ৭৷/০ আঃ ১২৲ থং ৩৫

১৬৭ থাং ডিঃ ঐ দেং আহাম্মদ সেখ দীং দাবি ৩০৮০ থানা ঐ মৌজে শ্যামপুর ১-১১ শতকের কাত ৬৷১ আঃ ১২৲ থং ১২

১৬৫ থাং ডিঃ ক্ষীতিশচন্দ্র ঘোষ দীং দেং কুদরতুল্যা মণ্ডল দীং দাবি ২৯৷/৩ থানা সাগরদীঘি মৌজে বলরাম-বাটী ওরফে বল্লভবাটী ৭২ শতকের কাত ৬৮/০ আঃ ১৫৲ থং ১০

১৬৬ থাং ডিঃ ঐ দেং ইয়াকুব আলি মণ্ডল দীং দাবি ৯৩৷/৩ ঐ মৌজাদিতে ৩-৪৮ শতকের কাত ১৪৮২ আঃ ৫০৲ থং ৬

১৭৬ থাং ডিঃ শ্রীশচন্দ্র ঘোষ দীং দেং রহমতুন্নেহা বিবি দাবি ৬৩৷/৬ থানা সাগরদীঘি মৌজে হোসেনপুর ১-৮১ শতকের কাত ১২৷/০ আঃ দেওয়া নাই থং ৯

১৫৪ থাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং মৃত একারতুল্লা সেখের ওয়ারীশ কুমেজান বিবি দীং দাবি ৫৫৯ থানা সাগরদীঘি মৌজে গোবর্দ্ধনডাঙ্গা ২৪ শতকের কাত ৫৷৶০ আঃ ২৲ থং ৬৬

১৮০ থাং ডিঃ বিবি মাগুমা খাতুন সাহেবা দেং যশোদা নন্দন মণ্ডল দীং দাবি ২৪৷৶০ থানা সাগরদীঘি মৌজে বেলসণ্ডা ৪-৮০ শতকের সেসেস ১৮৬/৷৶০ আঃ দেওয়া নাই থং ৩১০

১৮১ থাং ডিঃ ঐ দেং মজিদ সেখ দীং দাবি ১৬৪৮৶৩ ঐ মৌজাদিতে ৫-৪৬ শতকের কাত ২৬৮৩ আঃ ৫০৲ থং ১২২

৮৫ থাং ডিঃ সেবাইত লক্ষ্মীনাথ লালা দেং নাথু সরকার দীং দাবি ২৭৫৩ থানা স্থতী মৌজে কোস্তলা মাঠ ৩-৫৮ শতকের কাত ১৫৮৶৬ আঃ ১৫৲ থং ৬৬

২৭২ থাং ডিঃ আইজান নেসা বিবি দেং জলদবরণী দেবী দাবি ৭৭৶৬ থানা সাগরদীঘি মৌজে উদয়নগর ৫-৮৭ শতকের কাত ২০।১ পাই আঃ ৫০৲

২৭৪ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং মতিউর রহমান সেখ দীং দাবি ৭৭৮৶৩ থানা সাগরদীঘি মৌজে কাচিয়া বিষ্ণু-ডাঙ্গা ৫-৭০ শতকের কাত ১৬৷/৬ আঃ ৪০৲ থং ৪২৯

---

টৈসের চা

# তারা বার্লী

## আমাদের বিশেষত্ব




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

**টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ**
**তারা ভিটাফুড ফ্যাক্টরী**
পোঃ বাগবাজার কলিকাতা

ENGD. BY D. P. NATH & BROS. 2 BOW BAZAR ST.

---

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

এখানে মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইয়াছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়
মূল্য বড় শিশি ১৷৷, ছোট শিশি ।৶০

## ভাইট্যালী— { ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তিবর্দ্ধক।

ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। কিন্তু তিনি আর ইহ-জগতে নাই। তিনি জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন। মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য বার আনা মাত্র। ডাক মাশুল সমেত ১৲ এক টাকা।

**প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

---


## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!


সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।


সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৴০, ২০০ প্রতি ড্রাম ৴৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় /০ কমিশন বাদ।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)

---




---

# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
**শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম, এ, এফ, সি, এস (লণ্ডন)**
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক।



ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা • ২১৩ বৌবাজার (কলিকাতা) ৩৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা • চট্টগ্রাম • জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার • তিনসুকিয়া (আসাম) • গৌহাটী (আসাম) • দিনাজপুর • পাটনা (বিহার) • পাটুয়াটুলী (ঢাকা) • বগুড়া • বর্দ্ধমান • ভাগলপুর (বিহার) • মানিকগঞ্জ • মেদিনীপুর • রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট (ব্রহ্মদেশ) • লাহোর (পাঞ্জাব) • সিঙ্গাপুর (মালয় দেশ) • লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ • কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ • বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ • অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।